গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়
১, কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

**নম্বর:** ২৬.০৪.০০০০.০০০.১০৮.৯৯.০০০১.২২.১৪০

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩
০২ জুলাই ২০২৬

## অফিস আদেশ

**বিষয়: জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সকল কার্যালয়কে 'ধূমপান ও তামাকমুক্ত এলাকা' হিসেবে ঘোষণা।**

ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার মানব স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহারের ফলে মানবদেহে নানাবিধ স্বাস্থ্যঝুঁকি (যেমন: ক্যান্সার, হৃদরোগ ও রক্তনালীর রোগ, ফুসফুসের রোগ, মুখ ও দাঁতের রোগ, প্রজনন ও গর্ভকালীন সমস্যা, টাইপ ২ ডায়াবেটিস-এর ঝুঁকি বৃদ্ধি, পেপটিক আলসার, হাড়ক্ষয় ও ভাঙার ঝুঁকি বৃদ্ধি ইত্যাদি) সৃষ্টি করে। ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে "ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২৬" মহান জাতীয় সংসদে পাশ হয়। উক্ত আইনের বিধান অনুযায়ী পাবলিক প্লেস (যেমন: সরকারি অফিস, আচ্ছাদিত কর্মক্ষেত্র (indoor work place), কর্মক্ষেত্রের প্রাঙ্গণ, সকল ভবনের বারান্দা, প্রবেশ ও বহির্গমন গেইট এবং ভবন সংশ্লিষ্ট এলাকা তাহা আচ্ছাদিত বা উন্মুক্ত যেভাবেই হউক না কেন, ভবনের সামনে ও পেছনের মাঠ, উন্মুক্ত স্থান বা বাগানও ইহার অন্তর্ভুক্ত হইবে) এ ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে।

০২। উক্ত আইনের বিধান অনুযায়ী জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় ও জেলা কার্যালয়কে **'ধূমপান ও তামাকমুক্ত এলাকা'** হিসেবে ঘোষণা করা হলো। এ সকল কার্যালয়ের অভ্যন্তরে ও প্রাঙ্গণে ধূমপান এবং সকল প্রকার তামাকজাত দ্রব্যের ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হলো। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী এবং দপ্তরে আগত সকল সেবাগ্রহীতাকে এ নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

০৩। সকল বিভাগীয় ও জেলা কার্যালয়কে 'ধূমপান ও তামাকমুক্ত এলাকা' লেখা সংবলিত "সাইনেজ" সহজে দৃশ্যমান স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০২-০৭-২০২৬
সেবাষ্টিন রেমা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮০২৫৫০১৩২০৮
ইমেইল : dg@dncrp.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম ও গবেষণাগার/অভিযোগ ও তদন্ত), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
২। বিভাগীয় প্রধান, রোগতত্ত্ব ও গবেষণা বিভাগ, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।।
৩। সমন্বয়ক, তামার নিয়ন্ত্রণ কর্মসূচি, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
৪। উপপরিচালক (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।।
৫। সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ।।

৬। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। পরীক্ষক (সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
৮। **১৩-১৯** গ্রেডের সকল কর্মচারী, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
৯। আউটসোর্সিং সেবাপ্রদানকারী কর্মী (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।